# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd


নং- ৫৭.১৬.০০০০.০০৬.৩৩.০০১.২০-৩৯৯ তারিখ: ১৮/০২/২০২৬খ্রি

## জরুরি বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের (পরীক্ষা-২০২৭) আলিম শ্রেণির রেজিস্ট্রেশন হতে বাদপড়া শিক্ষার্থীদের বিশেষ বিবেচনায় অনলাইনে রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন আলিম পর্যায়ের মাদ্রাসা প্রধানগণকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের (পরীক্ষা-২০২৭) আলিম শ্রেণিতে যে সকল শিক্ষার্থী অনলাইনে কোন মাদ্রাসায় ভর্তি ও রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারেনি, সে সকল শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন অত্র বোর্ডের eSIF পূরণের মাধ্যমে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

### নির্দেশাবলী

০১. বোর্ড ফি জমাদান ও eSIF এন্টির সময় সূচীঃ

| ক্রমিক | বিবরণ | সময়সীমা |
|---|---|---|
| ০১। | অনলাইনে রেজিস্ট্রেশন ফি জমা<br>(ফি সিস্টেমে জমা হওয়ার পরই কেবলমাত্র তথ্য আপলোডের জন্য **নতুন এন্ট্রি** অপশন পাওয়া যাবে) | ১৯/০২/২০২৬ থেকে<br>০১/০৩/২০২৬ পর্যন্ত |
| ০২। | তথ্য (eSIF) এন্ট্রির সর্বশেষ তারিখ | ০৩/০৩/২০২৬ পর্যন্ত |

০২. ফি প্রদান ও eSIF পূরণঃ

(ক) যে কোন ব্রাউজার হতে সরাসরি www.ebmeb.gov.bd তে প্রবেশ করে প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করতে হবে। অত:পর **পেমেন্ট** অপশনে ক্লিক করে শিক্ষার্থী সংখ্যা এন্ট্রি দিয়ে **সোনালী পেমেন্ট গেটওয়ের** মাধ্যমে নির্ধারিত বোর্ড ফি প্রদান করতে হবে।

(খ) নির্ধারিত ফি সিস্টেমে জমা হওয়ার পরই কেবলমাত্র শিক্ষার্থীর তথ্য আপলোডের জন্য **নতুন এন্ট্রির** অপশন পাওয়া যাবে এবং সতর্কতার সাথে নতুন এন্ট্রিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

০৩. এখানে শুধু মাত্র বিলম্ব ফি দিয়ে নতুন শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করা যাবে। পূর্বে এন্ট্রিকৃত শিক্ষার্থী ডিলেট করার সুযোগ থাকবে না। পূর্বে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের অনলাইনে ভুল বিভাগ, বিষয় ও ছবি সংশোধন প্রক্রিয়া চলমান রয়েছে।

০৪. আলিম শ্রেণির নিয়মিত শিক্ষার্থীর রেজিস্ট্রেশনসহ অন্যান্য ফি **৬৮৫/-**টাকা এবং অনিয়মিত শিক্ষার্থীর ক্ষেত্রে পাঠ বিরতি ফি ১৫০/- টাকাসহ **৮৩৫/-** টাকা

*বিঃ দ্রঃ শুধুমাত্র রেজিস্ট্রেশন ফি প্রদান ও তথ্য এন্ট্রি সংক্রান্ত সমস্যার সমাধানের জন্য অফিস সময়ের মধ্যে প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক সিম নম্বর দিয়ে ০১৭১৩-০৬৮৯০৯/০১৮২৪-৬০৬৬৫৪ যোগাযোগ করতে হবে।*

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৮.২.২৬

(প্রফেসর ছালেহ আহমাদ)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ফোন: ০২-৯৬১২৮৫৮

প্রাপক: অধ্যক্ষ/সুপার
অত্র বোর্ডের আওতাধীন দাখিল ও আলিম পর্যায়ের মাদ্রাসা।

নং- ৫৭.১৬.০০০০.০০৬.৩৩.০০১.২০-৩৯৯ তারিখ: ১৮/০২/২০২৬খ্রি

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ:**

৯. সিনিয়র পরামর্শক, কম্পিউটার কেন্দ্র (চুক্তিভিত্তিক), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১০. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১১. পি ও টু চেয়ারম্যান, (সদয় অবগতির জন্য) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১২. অফিস কপি।

১৮/২/২৬

(মো: জিয়াউর রহমান)
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ফোন: ০২-২২৩৩৬৫৪০৩